# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-১১০ : অনেকে দাবি করে যে, সালাফীরাও অন্যান্য দলের মত একটি দল, যারা ময়দানে কাজ করছে। তাদের হুকুমও ঐসব দলের হুকুমের মত। এ ব্যাপারে আপনার মতামত কী?

উত্তর : সালাফী হলো সেই জামাত যে জামাত হকের উপর প্রতিষ্ঠিত থাকে, হকের দিকে সম্বন্ধিত হয় এবং হকের ভিত্তিতে আ'মাল করে থাকে। এছাড়া জামা'আতে সালাফিয়্যাহর সাথে সম্পর্কহীন যত জামাত রয়েছে সেগুলো জামা'আতুদ দাওয়াহ হিসাবে ধর্তব্য নয়।

আমরা সালাফী মানহাজ বিরোধী কোন জামাতের অনুসরণ করতে পারি না। আর কীভাবেই বা আহলুস সুন্নাহ ওয়াল জামাত ও সালাফে সালেহীনের মানহাজ বিরোধী ফিরক্বার অনুসরণ করা যেতে পারে? যে ফিরকাই জামা'আতে সালাফিয়্যাহর মানহাজের বিরুদ্ধাচরণ করে প্রকৃতপক্ষে সে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং ছাহাবায়ে কিরাম আজমা'ঈনের মানহাজ বিরোধী।

সুতরাং যে ব্যক্তি বলে যে ‘‘জামা'আতে সালাফিয়্যাহ ও অন্যান্য জামাতের মত একটি জামাত’’ তার একথা ভুল।[1]

---

কেননা জামা'আতে সালাফিয়্যাহই হলো একক জামাত যার অনুসরণ করা, যার মানহাজের উপর চলা, যাকে অনুসরণ করা এবং যার সাথে থেকে জিহাদ করা প্রত্যেক মুসলিমের উপর ওয়াজিব। কেননা জামা'আতে সালাফিয়্যাহ ব্যতীত যত জামাত রয়েছে সেগুলো নাম সর্বস্ব জামাত মাত্র। কোন মুসলিমের জন্য জামা'আতে সালাফিয়্যাহ বিরোধী জামাতের অনুসরণ করা ও তাদের সাথে যুক্ত হওয়া জায়েয নয়। মুসলিম কি কখনও বিরোধীদের সাথে যুক্ত হওয়াতে রাজী হতে পারে? না কোন মুসলিম কখনই মানহাজে সালাফিয়্যাহর বিরোধীদের অনুসরণে বা তাদের সাথে যুক্ত হওয়াতে রাজী হতে পারে না।

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

عليكم بسنتي وسنة الخلفاء الراشدين المهديين من بعدي

তোমাদের উপর ওয়াজিব হলো আমার সুন্নাত এবং আমার পরবর্তী খুলাফায়ে রশিদীনের সুন্নাতকে আঁকড়ে ধরা।[2]

তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফিরক্বায়ে নাজিয়াহ সম্পর্কে বলেন,

من كان على مثل ما أنا عليه اليوم وأصحابي

‘বর্তমানে আমি এবং আমার ছাহাবীরা যার উপর প্রতিষ্ঠিত আছি এর উপর যে ব্যক্তি প্রতিষ্ঠিত থাকবে’।[3]

কোন মুক্তিকামী মানুষ কী মুক্তির পথ ছাড়া অন্য পথে চলে?

কবি বলেন,

জেনে নাও হে! তুমি যে কিনা চাও মুক্তি কিন্তু মুক্তির পথে চল না

জাহাজ কখনো ডাঙ্গায় চলে না।

---

[1]. ‘‘সমকালীন ইসলামী জামাত ও ফিরকা নিয়ে যারা পর্যালোচনা মূলক লেখালেখি করেছেন তাদের কেউ কেউ আহলুস সুন্নাহ ওয়াল জামাতকে ইসলামী জামাত সমূহের মধ্যে একটি জামাত বলে উল্লেখ করেছেন!!

এটা মারাত্মক ভুল। মূলত এটা তাদের বুঝ-বুদ্ধির সংকীর্ণতার পরিচায়ক। তারা বাস্তবতা উপলব্ধি করা থেকে অনেক দূরে রয়েছেন। কেননা আহলুস সুন্নাহ ওয়াল জামাতই হলো আহলুল হাদীছ এবং তারাই জামা‘আতুল মুসলিমীন। জামা‘আতে সালাফিয়্যাহ, আহলুস সুন্নাহ ওয়াল জামাত আকৃতি-প্রকৃতি, বিষয়বস্তু সর্বদিক থেকে ইসলামী দাওয়াতকে সাহায্য করে থাকে যা অন্যান্য দল ও ফিরকাগুলো করে না।’’ শায়খ বাকর আবু যায়দ, হুকমুল ইনতিমা‘ পৃষ্ঠা নং ১১৫ দ্বিতীয় সংস্করণ।

[2]. আবু দাউদ হা. ৪৬০৭।

[3]. তিরমিযী হা. ২৬৪১

Source — https://www.hadithbd.com/books/link/?id=13184

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন